



সিটি অফ কেম্ব্রিজ

মুখে মাস্ক ব্যবহার করা প্রয়োজন বিষয়ে জরুরি আদেশ

সিটি অফ কেম্ব্রিজ একটি জরুরি আদেশ জারী করেছে যা বলছে **মুখে মাস্ক ব্যবহার করতে হবে সমস্ত সাধারণ স্থানে, ব্যবসায়িক এবং আবাসিক বিল্ডিংয়ের সমন্বিত এলাকাগুলিতে।** এই আদেশটি কার্যকর হবে রাত 12:01, বুধবার, 29 এপ্রিল থেকে এবং **পাঁচ বছরের বেশি বয়সের সবার জন্য সমানভাবে প্রযোজ্য হবে,** সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল বা ম্যাসাচুসেটস ডেপার্টমেন্ট অফ হেল্থ দ্বারা প্রদত্ত নির্দেশিকা মোতাবেক, কিছু ক্ষেত্রে ব্যতিক্রম সহ। **এই আদেশ লঙ্ঘন করলে \$300 জরিমানা হতে পারে।**

“একদিকে যেমন কেম্ব্রিজের সেইসব নাগরিক আছেন যাঁরা আমাদের আগের মাস্ক-এর পরামর্শ মেনে এই বিষয়টি সিরিয়াসভাবে মেনে চলেছেন, আমরা তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু অন্য দিকে এমন নাগরিকও আছেন যাঁরা দোকান-বাজার করছেন, হাঁটছেন, দৌড়াচ্ছেন এবং বাইক চালাচ্ছেন শহর জুড়ে, সঠিক মাস্ক না পরেই। আমরা সেইসব নাগরিকদের জন্য চিন্তিত,” বলেছেন মেয়র সিদ্দিকি এবং সিটি ম্যানেজার ডে-পাস্কাল একটি যৌথ বিবৃতিতে। “কার্ডটি সমান করতে আমাদের সাধ্যমতো সব কিছুই করতে হবে এবং নিশ্চিত করতে হবে যাতে কোভিড-19 আর বেশি না ছড়ায়। এই প্রয়োজনীয়তা জোর দিচ্ছে মুখে মাস্ক পরার গুরুত্বের উপর, বিকল্প হিসাবে নয়, এই অতিমারির বিরুদ্ধে আমাদের সম্মিলিত প্রচেষ্টা হিসাবে।”

আদেশটি পাঁচ বছরের বেশি বয়স্ক সবার ক্ষেত্রেই প্রযোজ্য হবে “কোনো সীমাবদ্ধতা ছাড়াই, যখন থাকবেন, যাবেন অথবা অবস্থান করবেন” সাধারণ স্থানে, যেগুলিতে অন্তর্ভুক্ত হবে:

- সাইডওয়াকগুলি
- রাস্তাগুলি
- পার্কগুলি
- প্লাজাগুলি
- বাসস্টপগুলি
- অনাবাসিক পার্কিং লট এবং গ্যারাজগুলি
- অন্য যে কোনো বাইরের স্থানগুলি বা অনাবাসিক পার্কিংয়ের স্থান যা খোলা এবং সাধারণ মানুষ যেখানে প্রবেশ করতে পারবে।

এই মাস্ক পরার প্রয়োজনীয়তা প্রযোজ্য হবে যে কোনো ব্যক্তির ক্ষেত্রে, **যারা অতি-প্রয়োজনীয় ব্যবসায় কাজ করছেন বা সেখানে যাচ্ছেন, অর্থাৎ খরিদার ও ভোক্তারা।** সেইসব ব্যবসার ক্ষেত্রে সমস্ত শিফট জুড়ে বা কেনাকাটা করার সময় জুড়ে মাস্ক পরে থাকতে হবে। এই আদেশের অধীনে যে যে ব্যবসায়িক অন্তর্ভুক্ত সেগুলি হল:

- গ্রোসারি স্টোর বা সুপারমার্কেট
- ফার্মাসিগুলি
- লন্ড্রোম্যাটগুলি

- ড্রাই ক্লিনারগুলি
- হার্ডওয়্যার স্টোরগুলি
- রেস্টুরেন্ট, কাফে বা সেই প্রকার স্থানগুলি যেখানে তৈরি খাবার, বেশি পরিমাণে খাবার বা পানীয় কেনা যেতে পারে
- স্থানীয় সরকারী বিল্ডিংগুলি
- বাণিজ্যিক বিল্ডিংগুলি
- সমস্ত প্রয়োজনীয় ব্যবসার বিল্ডিং যা গভর্নর বেকার-এর 23 মার্চ 2020 তারিখের এক্সিকিউটিভ অর্ডারে সংজ্ঞায়িত ছিল

দুই বা তার বেশি ইউনিট সম্বলিত আবাসিক বিল্ডিংয়ে কমন এলাকায় যেতে মাস্ক পরতে হবে, যাতে অন্তর্ভুক্ত হবে:

- লবিগুলি
- হলওয়েগুলি
- এলিভেটরগুলি
- সিঁড়িগুলি
- লন্ড্রি রুমগুলি
- গ্যারাজ ও পার্কিং লটগুলি
- পায়ে হাঁটা পথগুলি
- ইয়ার্ড বা অন্য বাইরের দিকের কমন এলাকাগুলি
- মেল রুম বা অন্য ভিতরের দিকের কমন এলাকাগুলি

আবাসিকদের বলা হচ্ছে, তারা যেন কমিউনিটিতে আদর্শ ভূমিকা পালন করেন, মাস্ক পরার ক্ষেত্রে আদেশ পালন করে। কেন্দ্রীয় পুলিশ ডিপার্টমেন্ট জোর দেবে লক্ষনকারীদের সচেতন করে তুলতে এবং তারা সহযোগীতা করছে না এমন নাগরিকদের সতর্কতা জারী করতে পারে। যারা ইচ্ছাকৃতভাবে মেনে চলতে চাইবেন না, তাদের ক্ষেত্রে \$300 জরিমানা করা হতে পারে। এক সপ্তাহের গ্রেস সময়সীমা দেওয়া হবে, যার পর থেকে এই আদেশটি কঠোরভাবে কার্যকর করা হবে।

জরুরি অর্ডারের সম্পূর্ণ টেক্সটটি এবং তার সাথে আরও তথ্য, ভিডিও এবং মুখ ঢাকা মাস্ক সম্বন্ধে বারংবার জিজ্ঞাসিত প্রশ্নগুলির উত্তর জানতে দেখুন www.cambridgema.gov/facemask

আমরা আবারও মনে করিয়ে দিতে চাই যে, মুখ ঢাকা কখনই শারীরিক দূরত্ব এবং নিয়মিত হাত ধোওয়ার পরিবর্তন নয়, আর ওইগুলিই হল কোভিড-19 -এর বিস্তার রোধ করার সবচেয়ে কার্যকর উপায়। কোভিড-19 -এর বিস্তার রোধের সবচেয়ে কার্যকরী উপায় হল বাড়িতে থাকা।

এই কর্তন সময়ের মধ্যে দিয়ে নাগরিক ও ব্যবসায়িক লোকেরা নিয়ে যেতে আরও রিসোর্স চিহ্নিতকরণে এই সিটি দায়বদ্ধ। আরও তথ্যের জন্য এবং কোভিড-19 সম্বন্ধে আপডেট পেতে, অনুগ্রহ করে দেখুন সিটির নির্দিষ্ট তথ্যের পৃষ্ঠা www.cambridgema.gov/covid19